কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.১১.০০০৩.২৫.২৯৬ তারিখ: ২০-০৭-২০২৫খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ স্থায়ী রাজস্বখাতভুক্ত এবং অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সিস্টেম এনালিস্ট<br>৪৩০০০-৬৯৮৫০/- (গ্রেড-৫) | ১<br>(এক)<br>(অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকরী;<br>(গ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। |
| ২. | প্রোগ্রামার<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ১<br>(এক)<br>(অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকরী; এবং<br>(গ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩. | এ্যাসিস্ট্যান্ট মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১<br>(এক)<br>(অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৭৮<br>(আটাত্তর) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বা মাইক্রো বায়োলজি বা বায়োকেমিস্ট্রি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| | বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষি অর্থনীতি)<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ২<br>(দুই) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি অর্থনীতি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| | বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষি প্রকৌশল)<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ২<br>(দুই) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| | বৈজ্ঞানিক কর্মকর্তা (ফুড টেকনোলজি)<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৪<br>(চার) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে খাদ্য প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| | বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিসংখ্যান)<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ২<br>(দুই) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৫. | বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৩<br>(তিন)<br>(অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বা মাইক্রো বায়োলজি বা বায়োকেমিস্ট্রি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৬. | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১<br>(এক) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৭. | প্রটোকল কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১<br>(এক) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৮. | সহকারী এডিটর<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১<br>(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বা ইংরেজি বা সাংবাদিকতা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) এডিটিং কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |

বি: দ্র: নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে।

১। **এই বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০২.২৩.১০৬২ তারিখ: ৩১-০৮-২০২৩খ্রি. মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ক্রমিক-১, ২, ৩ এবং ৪ এ উল্লিখিত পদের চলমান নিয়োগ প্রক্রিয়া বাতিল করা হলো। তবে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক-১, ২, ৩ এবং ৪ এ বর্ণিত পদে যারা পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। উক্ত আবেদনের প্রেক্ষিতে তারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।**

২। আবেদনকারীর বয়স ২৯-০৪-২০২৫ তারিখে ১নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪০ বছর, ২ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩৫ বছর এবং ক্রমিক ৩ থেকে ৮ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। এ্যাপিয়ার্ড প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ www.bari.gov.bd ওয়েবসাইটে প্রকাশিত সময়সীমার মধ্যে অনলাইনে পূরণকৃত Application ফরমের একসেট, লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা সংক্রান্ত ও অন্যান্য সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি;

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;

(গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ২(দুই) কপি রঙিন ছবি;

(ঘ) নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও স্থায়ী নিবাস সনদপত্র জমা দিতে হবে;

(ঙ) জাতীয় পরিচয়পত্র (NID) অথবা জন্ম সনদ এর সত্যায়িত কপি;

(চ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

উল্লেখ্য যে, সকল সনদপত্রের ফটোকপি, ছবি ও অন্যান্য কাগজপত্র (যদি থাকে) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিসহ সীল ও স্বাক্ষর থাকতে হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ www.bari.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সময়সীমার মধ্যে ৫নং ক্রমিকে বর্ণিত কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে তাদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৭। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র পেশ করতে হবে।

৮। পদের সংখ্যা নির্ধারণ (হ্রাস/বৃদ্ধিকরণ) এবং নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য www.bari.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

১০। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলিঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক http://bari.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪-০৭-২০২৫ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২১-০৮-২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk মোবাইলে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুন:পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ সকল পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, এছাড়াও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে সকল পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম: SMS: BARI<Space>User Id লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BARI ABCDEF

Reply: Applicant's Name, Tk.........will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BARI<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয়: SMS: BARI<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BARI YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BARI Application for xxxxxxxxxx user ID is (ABCDEF) and password (XXXXXXX)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bari.teletalk.com.bd এবং www.bari.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি এবং Applicant's copy লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BARI<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: BARI HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে BARI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: BARI HELP PIN 12345678

ঝ. **ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসুদপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২০/০৭/২৫

উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট